

কমলা রঙের মেঘে ঢেকে গেলো এথেন্সের আকাশ

- A Monitor Desk Report

Date: 27 April, 2024



গ্রিস: সাহারা মরুভূমি থেকে উড়ে আসা খোঁয়াশায় হঠাৎ আবারও ছেয়ে গেলো গ্রিসের রাজধানী এথেন্সের পুরো আকাশ। দেশটির রাজধানীতে চলাফেরা করলে কমলা রঙের কুয়াশা পড়ছে বলেও মনে হচ্ছে।

এর আগেও এই মাসের শুরুর দিকে গ্রিসের আকাশ একই রকম কমলা রঙে ছেয়ে গিয়েছিল, যা সুইজারল্যান্ড এবং দক্ষিণ ফ্রান্সের এলাকাগুলোতেও ছড়িয়ে পড়েছিল।

গ্রিসের আবহাওয়া বিভাগ বলছে, ২০১৮ সালের পর গ্রিসে আঘাত হানা সাহারা মরুভূমির ধূলিঝড়ের পর এমন ঘন মেঘ আর দেখা যায়নি।

ধূলিকণার যে ঘনত্ব তা সূর্যের আলো এবং মানুষের দৃষ্টিসীমা হ্রাস করতে পারে। এছাড়া এই ভারী ধূলিকণার কারণে স্বাস্থ্যঝুঁকি এড়াতে লোকজনকে বাড়ির বাইরে বেশি সময় না কাটানোর পরামর্শ দিচ্ছে দেশটির কর্তৃপক্ষ। খবর বিবিসির।

সাহারা মরুভূমি থেকে বছরে ৬০ থেকে ২০০ মেট্রিক টন খনিজ ধূলিকণা নির্গত হয়। এর মধ্যে ভারী ধূলিকণা দুতই মাটিতে পড়ে যায়। কিছু কিছু ছোট কণা কখনো কখনো হাজার কিলোমিটার পাড়ি দিয়ে ইউরোপ পর্যন্ত ছড়িয়ে পড়ে।

-B